দৈনিক বাংলা

তারিখ 05 JAN 1988
পৃষ্ঠা ... 1 কলাম 2



# ১৪ই জানুয়ারী চারটি ভার্সিটি খুলছে

শিক্ষামন্ত্রী জনাব মাহবুবুর রহমান সোমবার ঢাকায় বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল ও কারিগরি বিশ্ববিদ্যালয় (বুয়েট), রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয় আগামী ১৪ই জানুয়ারী আবার খুলবে এবং ওইদিন থেকেই এসব বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক কাজকর্ম শুরু হবে।

বিশ্ববিদ্যালয় সমূহের কর্তৃপক্ষ ক্লাসে উত্তীর্ণ করাসহ সমস্ত স্থগিত পরীক্ষা গ্রহণ ও তা সম্পন্ন করার ব্যবস্থা করবেন।

ইতিমধ্যেই স্কুল, মাদ্রাসা, কলেজ চট্টগ্রাম ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার কথা ঘোষণা করা হয়েছে।

শিক্ষামন্ত্রী জনাব মাহবুবুর রহমান বাসসকে বলেন, বিশ্ববিদ্যালয়সমূহের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সরকারকে জানিয়েছেন, শিক্ষাঙ্গনে সুষ্ঠু শিক্ষার অনুকূল পরিবেশ রয়েছে। তাঁরা এই আশাও প্রকাশ করেছেন যে শিক্ষাদীক্ষার কাজ কোনভাবে ব্যাহত হওয়ার আশংকা তাদের নেই।

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ভার্সিটি খুলছে

(১ম পৃঃ পর)

জনাব মাহবুব উল্লেখ করেন, সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় সমূহের কর্তৃপক্ষের অনুরোধ এবং আশ্বাস বিবেচনা করে সরকার এসব বিশ্ববিদ্যালয় আবার খুলে দেয়ার সিদ্ধান্ত নিয়েছেন।

শিক্ষামন্ত্রী আশা করেন, সমস্ত বিশ্ববিদ্যালয় এবং অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান খুলে গেলে সুষ্ঠু শিক্ষাদীক্ষা নিশ্চিত করার মত প্রয়োজনীয় অনুকূল পরিবেশ হবে।

তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাঁকে জানিয়েছেন, তাঁরা যত তাড়াতাড়ি সম্ভব ক্লাসে উত্তীর্ণ করাসহ সমস্ত স্থগিত পরীক্ষা সম্পন্ন করার ব্যবস্থা করবেন।

তাছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গত চার/পাঁচ বছরের সেশন জট দূর করার ব্যবস্থাও করবেন।